



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

স্মারক সংখ্যা ক্রীড়াঃ পিই-৯/৬৮/০৫(৭০)

তারিখঃ ১৯-০২-২০১৪ খ্রিঃ

প্রেরকঃ ক্রীড়া অফিসার  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর।

প্রাপকঃ আন্তঃকলেজ কলেজ প্রতিযোগিতায় অংশগ্রহণকারী কলেজের অধ্যক্ষবৃন্দ।

বিষয়ঃ ২০১৩-২০১৪ বর্ষের আন্তঃকলেজ এ্যাথলেটিকস্(ছাত্র ও ছাত্রী) প্রতিযোগিতায় অংশগ্রহণ প্রসঙ্গে।

জনাব,


আদিষ্ট হয়ে আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানান যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর আয়োজিত ২০১৩-২০১৪ বর্ষের আন্তঃকলেজ এ্যাথলেটিকস্(ছাত্র ও ছাত্রী) প্রতিযোগিতা আগামী ২১-০৩-২০১৪ ও ২২-০৩-২০১৪ তারিখে যশোর শিক্ষা বোর্ড মডেল স্কুল এন্ড কলেজ, নতুন উপশহর, যশোর কলেজের ব্যবস্থাপনায় অনুষ্ঠিত হবে। উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য প্রতিযোগী/কলেজ দলকে আগামী ২০-০৩-২০১৪ তারিখ বিকাল ৪:০০ টার মধ্যে নিজ কলেজ পতাকা ও নিম্নলিখিত কাগজপত্রসহ ব্যবস্থাপনার দায়িত্বপ্রাপ্ত কলেজের অধ্যক্ষ/পরিচালনা কমিটির নিকট রিপোর্ট করতে হবে।

- ১। মাধ্যমিক পরীক্ষার মূল প্রবেশপত্র।
- ২। মাধ্যমিক পরীক্ষার মূল নিবন্ধন রসিদ।
- ৩। অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত মাধ্যমিক পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট।
- ৪। খেলোয়াড় নিবন্ধন ও এন্ট্রি ফরমের কলেজ কপি।

পত্রে উল্লেখিত কোন কাগজপত্র প্রতিযোগিতা পরিচালনা কমিটির নিকট দেখাতে ব্যর্থ হলে সংশ্লিষ্ট প্রতিযোগী/খেলোয়াড় প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে না। উল্লেখ্য, বোর্ডের ১০-০১-২০১৪ তারিখের স্পোর্টস কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী এ্যাথলেটিকস্ প্রতিযোগিতায় অংশগ্রহণকারী প্রতিযোগীদের দৈনিক ডি,এ ২০০.০০(দুইশত) টাকা হারে এবং শিক্ষক প্রতিনিধিদের ডি,এ ২৫০.০০(দুইশত পঞ্চাশ) টাকা হারে প্রদান করা হবে। এ ছাড়া ০৭-১১-২০১৩ খ্রিঃ তারিখের পিই-৯/৬৮(২য় খন্ড)/২৬(৫২৫) স্মারক পত্রের ৪ নম্বর ক্রমিকের আলোকে প্রতিযোগিতায় অংশগ্রহণকারী কলেজের প্রতিযোগী ও শিক্ষক প্রতিনিধিকে এ্যাথলেটিকস্ প্রতিযোগিতা অনুষ্ঠিত হবার আগের দিন ও পরের দিন নির্ধারিত ডি, এ এর অর্ধেক প্রদান করা হবে এবং প্রতিযোগিতায় অংশগ্রহণকারী কলেজের প্রতিযোগী ও শিক্ষক প্রতিনিধিকে নিয়মানুযায়ী (নিজ কলেজ থেকে ব্যবস্থাপনার দায়িত্বপ্রাপ্ত কলেজে যাওয়া এবং নিজ কলেজে ফেরত আসা বাবদ) প্রকৃত যাতায়াত ভাড়া প্রদান করা হবে।

২০১২ ও ২০১৩ বর্ষে এস, এস, সি ও সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র ও ছাত্রী যারা উচ্চ মাধ্যমিক পর্যায়ে অধ্যয়ন করছে কেবলমাত্র তারাই প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে। যশোর শিক্ষা বোর্ডের অধীনে উচ্চ মাধ্যমিক পর্যায়ে অধ্যয়নরত ছাত্র ও ছাত্রী ব্যতীত কোন ছাত্র ও ছাত্রী আন্তঃকলেজ খেলাধুলায় অংশগ্রহণ করতে পারবে না। বহিরাগত ছাত্র-ছাত্রী নিয়ে প্রতিযোগিতায় অংশগ্রহণ প্রমানিত হলে, খেলোয়াড় যাচাই কমিটির সুপারিশ ও বোর্ডের স্পোর্টস কমিটির মাধ্যমে সংশ্লিষ্ট কলেজের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে। যে সকল কলেজ ক্রীড়া নিবন্ধন ফরমের কলেজ কপি বোর্ড থেকে সংগ্রহ করেননি সেই সকল কলেজ সমূহকে ডেনুতে গমন পূর্বক ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত কলেজ থেকে সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত



(আ, ফ, ম, আশাফুদৌলা)

ক্রীড়া অফিসার

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর।


ফোন : ০৪২১-৬৫৫১৭

মোবাঃ ০১৭৩৩-২২২০১৪

বিঃ দ্রঃ- ব্যবস্থাপনার দায়িত্বপ্রাপ্ত কলেজের যোগাযোগ নম্বর :-

অধ্যক্ষ : ফোন ০৪২১-৬৩৬৬৬, মোবাঃ ০১৫৫৮-৫২৯৭৫২

ক্রীড়া শিক্ষক : মোবাঃ ০১৭১৬-৩৬০৮৩৬, ০১৯১২-৫৬৯৬০৬



স্মারক সংখ্যা ক্রীড়াঃ পিই-৯/৬৮/০৬(০২)

তারিখঃ ১৯-০২-২০১৪ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ কর হল :-

০১। অধ্যক্ষ, যশোর শিক্ষা বোর্ড মডেল স্কুল এন্ড কলেজ, যশোর।

০২। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর। পত্রটি বোর্ডের ওয়েব সাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত

(আ, ফ, ম, আশাফুদৌলা)

ক্রীড়া অফিসার

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর।